# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯৭

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৬. যে ব্যক্তি তার সম্পদের পুরোটাই সাদাকা করে দেয়

بَاب الرَّجُلِ يَتَصَدَّقُ بِجَمِيعِ مَا عِنْدَهُ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْدٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ عُمَرَ قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَتَصَدَّقَ فَوَافَقَ ذَلِكَ مَالًا عِنْدِي فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبَا بَكْرٍ إِنْ سَبَقْتُهُ يَوْمًا فَجِئْتُ بِنِصْفِ مَالِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَبْقَيْتَ لِأَهْلِكَ قُلْتُ مِثْلَهُ قَالَ فَأَتَى أَبُو بَكْرٍ بِكُلِّ مَا عِنْدَهُ فَقَالَ يَا أَبَا بَكْرٍ مَا أَبْقَيْتَ لِأَهْلِكَ فَقَالَ أَبْقَيْتُ لَهُمْ اللَّهَ وَرَسُولَهُ فَقُلْتُ لَا أُسَابِقُكَ إِلَى شَيْءٍ أَبَدًا

বাংলা

১৬৯৭. উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে দান করার নির্দেশ দিলেন। ঘটনাক্রমে সেদিন আমার নিকট মাল ছিল। আমি (মনে মনে) বললাম: আজকে আমি আবূ বকর রা: এর চাইতে (দানের ব্যাপারে) অগ্রগামী হবই, যদিও কোনোদিনই আমি তার চেয়ে অগ্রগামী হতে পারিনি। তাই আমি আমার অর্ধেক মাল নিয়ে আসলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞেস করলেন, “তুমি তোমার পরিবারের জন্য কি রেখে এসেছো?” আমি বললাম, এর সমপরিমাণ সম্পদ। উমার রা: বলেন, আর আবূ বকর রা: আনলেন তাঁর সমস্ত মাল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম তাকে জিজ্ঞেস করলেন, “তুমি তোমার পরিবারের জন্য কি রেখে এসেছো?” তিনি বললেন, আমি তাদের জন্য আল্লাহ ও তাঁর রাসূলকেই রেখে এসেছি। উমার রা: বলেন, তখন আমি বললাম, আমি (ভবিষ্যতে) আর কোনোদিন কোনো ব্যাপারে (অধিক ফযীলতের অধিকারী হওয়ার জন্য) আপনার সাথে প্রতিযোগীতা করব না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, হিশাম ইবনু সা’দের কারণে।

তাখরীজ: আবূ দাউদ, যাকাত ১৬৭৮; তিরমিযী, মানাকিব ৩৬৭৬।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন